

## ৩৯ জেলার প্রাথমিক শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষার ফল প্রকাশ

■ ইত্তেফাক রিপোর্ট  
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক-  
প্রাথমিক শিক্ষার জন্য "সহকারী  
শিক্ষক নিয়োগ ২০১৪"-এর ৩৯টি  
জেলার লিখিত পরীক্ষার ফল গতকাল  
রাত্রে প্রকাশ করা হয়েছে। এ লিখিত  
পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা ২৮  
হাজার ৯৮২ জন। অংশগ্রহণকারীর  
সংখ্যা ছিল ৫ লক্ষ ৯৩৪ হাজার ৯৯১  
জন।

জেলাগুলো হলো চাঁপাইনবাবগঞ্জ,  
নাটোর, কুষ্টিয়া, ঝিনাইদহ, সাতক্ষীরা,  
খুলনা, জামালপুর, নেত্রকোনা,  
নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ,

ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী,  
পটুয়াখালী, সুনামগঞ্জ, সিলেট,  
হবিগঞ্জ, মৌলভীবাজার, ঠাকুরগাঁও,  
নীলফামারি ও লালমনিরহাট, বগুড়া,  
নওগাঁ, রাজশাহী সিরাজগঞ্জ, পাবনা,  
যশোর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ,  
টাংগাইল, ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম,  
বরিশাল, দিনাজপুর, রংপুর, কুড়িগ্রাম  
ও গাইবান্ধা। দুটি পর্যায়ে লিখিত  
পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১৬ অক্টোবর  
২০১৫ তারিখে ২২টি ও ৩০ অক্টোবর  
২০১৫ তারিখে ১৭টি জেলার পরীক্ষা  
অনুষ্ঠিত হয়।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের

মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে তাঁদের  
রোল নম্বরের তালিকা ইতোমধ্যে জেলা  
প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করা  
হয়েছে। এসব প্রার্থীর জেলাওয়ারী  
রোল নম্বরের তালিকা সংশ্লিষ্ট জেলা  
প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ  
বোর্ডে প্রদর্শিত হবে। এছাড়া প্রাথমিক  
শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে  
(www.dpe.gov.bd) লিখিত  
পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের  
জেলাওয়ারী রোল নম্বর পাওয়া যাবে।  
মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও  
সময় যথাসময়ে প্রার্থীকে জানানো  
হবে।